MAR 21 2001

ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# লাইব্রেরির খোঁজ-খবর

মানুষের জীবনে বেঁচে থাকতে হলে তিনটি জিনিসের প্রয়োজন। তা হচ্ছে বই, বই এবং বই।' কথাটি বলেছিলেন লিও টলস্টয়। এখন আপনি বই কিনেও পড়তে পারেন আবার লাইব্রেরিতে গিয়ে হাজারো বইয়ের মধ্যে থেকে আপনার পছন্দ অনুযায়ী বই নিয়ে ডুব দিতে পারেন জ্ঞান সাগরে। আর বইকে বলা হয় মানুষের প্রকৃত বন্ধু। মানুষের প্রকৃত বন্ধু বইয়ের সঙ্গে মানুষকে আরো বেশি সম্পৃক্ত করার মানসে ঢাকায় গড়ে উঠেছে অনেক লাইব্রেরি। আসুন জেনে নেওয়া যাক ঢাকার কয়েকটি লাইব্রেরি সম্পর্কে বিস্তারিত তথ্য—

**ব্যান্সডক লাইব্রেরি :**
ঢাকার মিরপুর রোডে সায়েন্স ল্যাবরেটরি মোড়ে অবস্থিত ব্যান্সডক লাইব্রেরি। এই লাইব্রেরিতে পাওয়া যাবে বিভিন্ন বিজ্ঞানবিষয়ক বই, জার্নাল, সাময়িকী, গবেষণাপত্র ইত্যাদি। শুক্র ও শনিবার ছাড়া যেকোনো কর্ম দিবসে যে কেউ এখানে সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত পড়াশোনা করতে পারেন।

**ব্রাকের আয়েশা-আবেদ লাইব্রেরি :**
ব্র্যাকের আয়েশা-আবেদ লাইব্রেরি মহাখালীর ব্র্যাক সেন্টারের তৃতীয় তলায় অবস্থিত। তথ্য প্রযুক্তি, বিজ্ঞান, সমাজবিজ্ঞান, নারীবিষয়ক প্রকাশনা, গবেষণাপত্র, ব্র্যাকের প্রকাশনা, সাময়িকী, পত্রপত্রিকা প্রভৃতি নিয়ে বেশ সমৃদ্ধ এই লাইব্রেরির সংগ্রহশালা। রোববার থেকে বৃহস্পতিবার প্রতিদিন সকাল সাড়ে ৮টা থেকে বিকাল ৫টা ১৫ মিনিট পর্যন্ত সবার জন্য উন্মুক্ত এই লাইব্রেরি।

**বিশ্বসাহিত্য কেন্দ্র লাইব্রেরি :**
বিশ্বসাহিত্য কেন্দ্র লাইব্রেরিটি অবস্থিত বাংলা মোটরে। এই লাইব্রেরিতে পড়াশোনা করতে হলে ৪০০ টাকা (ফেরতযোগ্য) জামানত দিতে হবে এবং মাসিক চাঁদা দিতে হবে ১০ টাকা। শুক্রবার বাদে বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত।

**ভারতীয় দূতাবাস লাইব্রেরি :**
ভারতীয় দূতাবাস লাইব্রেরিটি অবস্থিত ধানমন্ডির সাতমসজিদ রোডের ৭৫৪ নম্বর বাড়ির চতুর্থ তলায়। শুক্র ও শনিবার বাদে প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত নাম-ঠিকানা এন্ট্রি করে যে কেউ এখানে পড়াশোনা

**রামকৃষ্ণ মিশন পাঠাগার :**
ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের বিপরীতে রামকৃষ্ণ মিশন মাঠে অবস্থিত এই লাইব্রেরিটি। দেশী-বিদেশী পত্রপত্রিকা, সাময়িকী, বই ও ধর্মগ্রন্থের বিশাল সম্ভার রয়েছে এই লাইব্রেরিতে। রোববার বাদে প্রতিদিন বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত সবার জন্য এই লাইব্রেরিটি উন্মুক্ত। এখানে পড়তে হলে আগে নাম-ঠিকানা এন্ট্রি করতে হবে

**গ্রামীণ ট্রাস্ট লাইব্রেরি :**
গ্রামীণ ট্রাস্ট লাইব্রেরিটি মিরপুর ২ নম্বরে গ্রামীণ ব্যাংক ভবনের ৫ তলায় অবস্থিত। ক্ষুদ্র ঋণ ও দারিদ্র্য দূরীকরণ ও উন্নয়ন সংক্রান্ত দেশী-বিদেশী বই, সাময়িকী, জার্নাল, পত্রপত্রিকা প্রভৃতি রয়েছে এই লাইব্রেরিতে। শুক্রবার ও শনিবার বাদে সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত। নাম-ঠিকানা এন্ট্রি করে যে কেউ এখানে পড়াশোনা করতে পারে।

**ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি :**
ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি বায়তুল মোকাররম কমপ্লেক্সে অবস্থিত। শনিবার বাদে প্রতিদিন সকাল ১০টা থেকে এশার আজানের আগ পর্যন্ত লাইব্রেরিটি পাঠকদের জন্য খোলা থাকে।

**বিআইবিএম লাইব্রেরি :**
ব্যাংক ম্যানেজমেন্ট সম্পর্কিত বিভিন্ন বই, জার্নাল ও সাময়িকী নিয়ে বেশ সমৃদ্ধ এই লাইব্রেরিটি মিরপুর ২ নম্বরে অবস্থিত। শুক্র ও শনিবার বাদে সকালে ৯টা থেকে রাত ৮টা পর্যন্ত লাইব্রেরিটি সবার জন্য উন্মুক্ত।

**ভ্রাম্যমাণ লাইব্রেরি :**
ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ছড়িয়ে-ছিটিয়ে থাকা পাঠকদের সুবিধার্থে ভ্রাম্যমাণ লাইব্রেরি প্রকল্প চালু করেছে। বিশ্বসাহিত্য কেন্দ্র। পুরোনো ও নতুন ঢাকার ৬০টি এলাকায় নির্দিষ্ট দিনের নির্দিষ্ট সময়ে ভ্রাম্যমাণ লাইব্রেরি নিয়মিত পাঠকদের সেবায় নিয়োজিত। সদস্য হতে ১০০ টাকা এবং বিশেষ সদস্য হতে ২০০ টাকা নিরাপত্তা জামানত রাখতে হয়। এই নিরাপত্তা জামানত ফেরতযোগ্য।

□ এম এ আবদুল্লাহ